

৪ কুমিল্লা বোর্ড ২০১৮

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

ক বিভাগ : সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

সময় : ২ ঘণ্টা;

বিষয় কোড : 154

পূর্ণমান : ২৫ + ২৫ = ৫০

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

- ১। চিকিৎসা ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবদান ব্যাখ্যা কর।
- ২। টপোলজি কী? চিত্রসহ রিং টপোলজি বর্ণনা কর।
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কী? দৈনন্দিন জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার লিখ।
- ৪। ম্যালওয়ার কী? ম্যালওয়ারের প্রকারভেদ বর্ণনা কর।

৫ × ৫ = ২৫

- ৫। স্প্রেডশিট প্রোগ্রাম কী? এর ব্যবহারিক ক্ষেত্রগুলো লিখ।
- ৬। ই-মেইল ঠিকানা খোলার পদ্ধতি ধারাবাহিকভাবে লিখ।
- ৭। দুর্নীতি নিরসনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব ব্যাখ্যা কর।
- ৮। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের ফলে একজন কর্মী কীভাবে দক্ষ হয়ে ওঠে? বর্ণনা কর।

খ বিভাগ : বহুনির্বাচনি অতীক্ষা

মান-২৫

বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অতীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

১. কোনটি আবিষ্কারের ফলে ঘরে বসেই অফিসের কাজ করার সম্ভাবনা সৃষ্টি হয়েছে?
  - ক) কম্পিউটার
  - খ) ইন্টারনেট
  - গ) মোবাইল ফোন
  - ঘ) অপটিক্যাল ফাইবার
২. সংযুক্তিই উৎপাদনশীলতা- উক্তিটি কার?
  - ক) ড. আনিসুল হক
  - খ) ড. ইকবাল কাদির
  - গ) ড. ইসমাইল কাদির
  - ঘ) ড. মোঃ জাফর ইকবাল
৩. যোগাযোগের দ্বিমুখী পদ্ধতির উদাহরণ কোনটি?
  - ক) টেলিভিশন
  - খ) পত্রিকা
  - গ) রেডিও
  - ঘ) টেলিফোন
৪. নতুন পৃথিবীর সম্পদ কী?
  - ক) তথ্য
  - খ) উপাত্ত
  - গ) কম্পিউটার
  - ঘ) ইন্টারনেট
৫. কত সালে প্রথম বার জিও-স্টেশনারি স্যাটেলাইট স্থাপন করা হয়?
  - ক) ১৯৬৪
  - খ) ১৯৭৪
  - গ) ১৯৮৪
  - ঘ) ১৯৯৪
৬. ড্রপবল্ল ব্যবহারের সুবিধা হলো-
  - i. এটা যে কোনো স্থানে খোলা যায়
  - ii. এতে তথ্য গোপন ও সংরক্ষিত থাকে
  - iii. সিডির মাধ্যমে বহন করা যায়
 নিচের কোনটি সঠিক?
  - ক) i
  - খ) i ও ii
  - গ) i ও iii
  - ঘ) i, ii ও iii
৭. অপটিক্যাল ফাইবার কী?
  - ক) একটি মডেম
  - খ) অত্যন্ত সরু এক ধরনের কাচের তন্তু
  - গ) রাউটার
  - ঘ) কম্পিউটার
৮. মানুষ এবং যন্ত্রকে আলাদা করার পদ্ধতিকে কী বলে?
  - ক) Captcha
  - খ) Chaptcha
  - গ) Cahcha
  - ঘ) Captcah
৯. বাংলা সার্চ ইঞ্জিন কোনটি?
  - ক) গুগল
  - খ) ইয়াহু
  - গ) রিং
  - ঘ) পিপীলিকা
১০. কাজের ধরনের ভিত্তিতে ভাইরাসকে কয় ভাগে ভাগ করা যায়?
  - ক) ২
  - খ) ৩
  - গ) ৪
  - ঘ) ৫
১১. কম্পিউটারের কার্যক্ষমতা নষ্ট করতে পারে-
  - i. কম্পিউটার ভাইরাস
  - ii. অ্যান্টিভাইরাস
  - iii. ট্রোজান হর্স
 নিচের কোনটি সঠিক?
  - ক) i
  - খ) i ও ii
  - গ) i ও iii
  - ঘ) i, ii ও iii
১২. মাইক্রোসফট এক্সেলের ওয়ার্কশিটের D নং কলাম ও 10 নং সারির সেল ঠিকানা কোনটি?
  - ক) D 10
  - খ) 10 D
  - গ) D-10
  - ঘ) 10-D
১৩. ই-মেইল ঠিকানা খোলার ক্ষেত্রে পাসওয়ার্ডের দৈর্ঘ্য কত হবে?
  - ক) ৪ থেকে ৩২ বর্ণের মধ্যে
  - খ) ৪ থেকে ২৩ বর্ণের মধ্যে
  - গ) ৬ থেকে ৩২ বর্ণের মধ্যে
  - ঘ) ৬ থেকে ২৩ বর্ণের মধ্যে
১৪. প্রথম স্প্রেডশিট সফটওয়্যার কোনটি?
  - ক) মাইক্রোসফট এক্সেল
  - খ) ওপেন অফিস ক্যালক
  - গ) ভিসিক্যালক
  - ঘ) কেস্পেড
১৫. নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :
 

মাসুম সাহেব একটি বেসরকারি প্রতিষ্ঠানে হিসাবরক্ষক হিসেবে কাজ করেন। এজন্য তিনি কাজের উপযোগী সফটওয়্যার ব্যবহার করেন। কিছুদিন পর তিনি কম্পিউটারে তার প্রয়োজনীয় ফাইলগুলো খুঁজে পাচ্ছেন না। মাসুম সাহেবের কম্পিউটারের ফাইলগুলো খুঁজে না পাওয়ার কারণ কী?

  - ক) ম্যালওয়ার দ্বারা আক্রান্ত হয়েছে
  - খ) কম্পিউটার যথাযথভাবে বন্ধ করা হয় নি
  - গ) কম্পিউটারটি রিস্টার্ট হয়েছে
  - ঘ) ফাইলগুলোতে পাসওয়ার্ড দেওয়া হয় নাই
১৬. মাসুম সাহেবের কাজের উপযোগী সফটওয়্যার-
  - i. MS Excel
  - ii. MS Power Point
  - iii. Open Office Calc
 নিচের কোনটি সঠিক?
  - ক) i ও ii
  - খ) ii ও iii
  - গ) i ও iii
  - ঘ) i, ii ও iii
১৭. কোন টপোলজিতে প্রতিটি কম্পিউটার একে অপরের সাথে সরাসরি যুক্ত থাকে?
  - ক) মেশ
  - খ) ট্রি
  - গ) স্টার
  - ঘ) রিং
১৮. স্যাটেলাইটকে পৃথিবী থেকে কত কিলোমিটার দূরে রাখা হয়?
  - ক) ৩৫ হাজার
  - খ) ৩৬ হাজার
  - গ) ৩৭ হাজার
  - ঘ) ৩৮ হাজার
১৯. মাইক্রোসফট এক্সেলে 1, 2, 3,..... দ্বারা কী নির্দেশ করা হয়?
  - ক) Cell
  - খ) Column
  - গ) Work book
  - ঘ) Row
২০. যতই দিন যাচ্ছে ততই বেশি আমরা নির্ভর করছি-
  - i. রোবটের উপর
  - ii. তথ্য প্রযুক্তির উপর
  - iii. নেটওয়ার্কের উপর
 নিচের কোনটি সঠিক?
  - ক) i ও ii
  - খ) i ও iii
  - গ) ii ও iii
  - ঘ) i, ii ও iii
২১. বাংলাদেশের তথ্য অধিকার আইন কত সাল থেকে বলবৎ রয়েছে?
  - ক) ২০০৬
  - খ) ২০০৯
  - গ) ২০১০
  - ঘ) ২০১৩
২২. ই-মেইল পাঠাতে যা প্রয়োজন হবে-
  - i. কম্পিউটার
  - ii. ইন্টারনেট সংযোগ
  - iii. ই-মেইল ঠিকানা
 নিচের কোনটি সঠিক?
  - ক) i ও ii
  - খ) i ও iii
  - গ) ii ও iii
  - ঘ) i, ii ও iii
২৩. ই-মেইল কথটির মানে কী?
  - ক) ইলেকট্রনিক মেইল
  - খ) ইলেকট্রিক চিঠি
  - গ) ইলেকট্রনিক চিঠি
  - ঘ) ইলেকট্রিক্যাল চিঠি
২৪. পাসওয়ার্ড ম্যানেজারের জন্য ব্যবহৃত সফটওয়্যারের নাম কী?
  - ক) Avast
  - খ) Reaper
  - গ) Keepass
  - ঘ) CIH
২৫. ই-পার্চ কী ধরনের সেবা?
  - ক) সরকারি সেবা
  - খ) সমাজসেবা
  - গ) আয়কর সেবা
  - ঘ) ই-গোডাউন